যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
মনিরামপুর, যশোর।

ফোনঃ ০২৪৭৭৭৬৪৯০৬(অফিস), E-mail:jessorepbs2@yahoo.com, Web: pbs2.jessore.gov.bd

স্মারক নং- ২৭.১২.৪১৬১.৫১১.০২.০০৮.২৪. ৫২০

তারিখঃ ১৪ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ।
২৯ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নোক্ত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ / প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী প্রাক্তন মিটার রিডার/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) | পবিস বেতন কাঠামো-২০২১ অনুযায়ী মূল বেতন ১৪,৭০০.০০ টাকা অথবা সর্বশেষ বেতনের প্রত্যয়ন পত্র অনুযায়ী বেতন ও অন্যান্য ভাতাদি প্রদান যোগ্য। | ০১। **বয়স সীমা:** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর **(১৯/০৯/২০২৪ খ্রিঃ তারিখে)**। সর্বোচ্চ ৫৫ বছর বয়স পর্যন্ত চাকুরী করতে পারবেন।<br>০২। **অভিজ্ঞতা:** আগ্রহী প্রার্থীগণের মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে ০৩ (তিন)বছর/ ০৬ (ছয়) বছর/ ০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>০৩। **অন্যান্য যোগ্যতা:**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারনা থাকতে হবে।<br>(ঘ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের জন্য মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ দান করা হবে। চুক্তিকালীন কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন (ইতোপূর্বে তদন্ত করা না হলে) সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার ২/১ টি কর্মদিবস বিরতি দিয়ে একই পদে পুনরায় ০৩(তিন) বছর মেয়াদের জন্য চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে সর্বোচ্চ ৩ বার বা ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে। |

**শর্তাবলীঃ**

০১। **আবেদন পত্র পূরণ ও জমাদান :** যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (pbs2.jessore.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২,ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে **আগামী ১৯/০৯/২০২৪ খ্রি: তারিখের** মধ্যে ডাকযোগে/ কুরিয়ার সার্ভিসের মাধ্যমে যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, মনিরামপুর, যশোর-এ পৌঁছাতে হবে। হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। সাদা কাগজে লিখিত/টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহনযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে:**

(ক) ০৩ (তিন) কপি পার্সপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা বিআরইবি/পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ" যা এজিএম (প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

০৩। **অন্যান্য শর্তাবলী:**

(ক) নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেয়া হবে।

চলমান পাতা-০২

(খ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন) উল্লেখ করতে হবে।

(গ) যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাঁদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঘ) অত্র সমিতিতে কর্মরত কর্মচারী/কর্মকর্তা বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাঁদের স্বামী/ স্ত্রীগণের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

(ঙ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলা জনিত কারণে বা মেয়াদ পূর্তির পূর্বেই স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/ বরখাস্ত/ চাকুরীচ্যূত/ দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাঁদের আবেদন করার প্রয়োজন নাই।

(চ) দুই বা তাঁর অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তাহা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

(ছ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) অসম্পূর্ণ/ ভুল আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।

(ঝ) যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা (যশোর জেলার মনিরামপুর, কেশবপুর ও অভয়নগর উপজেলা, খুলনা জেলার ফুলতলা উপজেলা এবং নড়াইল জেলা) এমন কোন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক)দের আবেদন করার প্রয়োজন নাই।

(ঙ) বাপবিবোর্ডের সর্বশেষ জারীকৃত সার্কুলার / নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।

(ট) নিয়োগপ্রাপ্ত চুক্তিভিত্তিক মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্য বলবৎ থাকবে, যা কোনক্রমেই নিয়মিত হবে না।

(ঠ) খামের উপর পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

(ড) বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার/ নির্দেশনার আলোকে সন্তোষজনকভাবে চুক্তির মেয়াদ শেষে ১ম পক্ষ ২য় পক্ষকে সার্ভিস বেনিফিট প্রদান করবেন।

(ঢ) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে অত্র সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৯/০৮/২৪

( মহম্মদ আব্দুল লতীফ )
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

<u>অনুলিপিঃ</u> **( সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি আপনার দপ্তরের নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধসহ )।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা **(বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের সদয় অনুরোধসহ)।**
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..............১/২/৩/৪।
০৬। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।
০৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, যশোর।
০৮। ডিজিএম, (সদর দপ্তর-কারিগরী)/ নওয়াপাড়া/ নড়াইল/ কেশবপুর/ কালিয়া/ লক্ষীপাশা জোনাল অফিস, যশোর পবিস-২।
০৯। এজিএম(ওএন্ডএম), রাজগঞ্জ/ সাগরদাঁড়ী/ সিংগাড়ী সাব-জোনাল অফিস, যশোর পবিস-২।
১০। এজিএম (অর্থ-হিসাব/ অর্থ-রাজস্ব/ সদস্য সেবা/ ইএন্ডসি/ ওএন্ডএম/ প্রশাসন), যশোর পবিস-২।
১১। এজিএম (আইটি), যশোর পবিস-২ **( ওয়েব সাইটে প্রকাশের জন্য )।**
১২। নোটিশ বোর্ড, সদর দপ্তর, যশোর পবিস-২।
১৩। অফিস নথি।

২৯/০৮/২৪

জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

৫৬

ফরম নং- পমাসপ ১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিত ঃ ২৭/০৪/২০১৪ খ্রিঃ

যপবিস২

# যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে প্যানেলভূক্তি / নিয়োগ লাভের জন্য আবেদন ফরম

( সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে )

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
মনিরামপুর ,যশোর ।

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং ............................................ ০৩. পদের ধরন ঃ ................

০২. আবেদনকৃত পদের নাম
( বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে )

...................................................... ......................................................
০৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম ০৫. প্রকাশনার তারিখ

................................................ ........................................... ............................................................
০৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) ( বড় হাতের অক্ষরে ইংরেজীতে ) ০৭. জন্ম তারিখ(এসএসসি পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

......................................................... ........./........./............ (দিন/মাস/বছর)
০৮. মাতার নাম ০৯. বয়স (১৯/০৯/২০২৪ খ্রিঃ তারিখে )

......................................................... .......................................................
১০. পিতার নাম ১১. ধর্ম

......................................................... .......................................................
১২. জাতীয়তা ১৩. নিজ জেলা

.........................................................
১৪. টেলিফোন / মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

**১৬. স্থায়ী ঠিকানা ঃ**

.................................. .................................... .............................. ..............................
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা / থানা ঘ. জেলা

**১৭. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র / নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ**

.................................. .................................... .............................. ..............................
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা / থানা ঘ. জেলা

১৮. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ / বিভাগ / শ্রেণী | | সার্টিফিকেট / ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/ শ্রেণী/ গ্রেড | |
| ---------- শ্রেণী | | | | |
| এসএসসি / সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |
| স্নাতক | | | | |

১৯. অভিজ্ঞতার বিবরণ ( সনদ দ্বারা সমর্থিত হতে হবে ) ঃ

২০. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর / পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

২১. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী / পেশা, ঠিকানা, টেলিফোন / মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে বাপবিবোর্ড/ পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো/পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

.................................... ....................................

তারিখ আবেদনকারীর স্বাক্ষর